গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
**স্থানীয় সরকার বিভাগ**
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.১৪৯.২৩.৯২৭

তারিখ : ০৪ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৮ মে ২০২৬

**বিষয় : ২০২৫-২৬ অর্থবছরে কুমিল্লা জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২২৬১.০০ লক্ষ (বাইশ কোটি একষট্টি লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৫০৪টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।**

সূত্র : স্মারক নম্বর : ৪৬.২০.১৯০০.০০২.১৪.০৪৪.২৫-১৯৮; তারিখ : ২২-০৪-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরে কুমিল্লা জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২২৬১.০০ লক্ষ (বাইশ কোটি একষট্টি লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে মোট ৫০৪টি প্রকল্পের মধ্যে ৬২.০০ লক্ষ (বাষট্টি লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ০৮টি প্রকল্পের বিষয়ে নিম্নবর্ণিত ছকের ০৪নং কলামে বর্ণিত তথ্য অনুযায়ী পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য বলা হলো :

| ক্র | প্রস্তাবিত প্রকল্পের ক্রমিক নং | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | ৯ | ৩.০০ | জেলা পরিষদের মালিকানাধীন কোন স্থাপনা নির্মাণ ও প্রকল্পের কাজ বাস্তবায়ন পিআইসি পদ্ধতিতে হওয়ার সুযোগ নেই। এটি কমিটি দ্বারা পরিচালিত নয়। ফলে প্রকল্পটির বাস্তবায়ন পদ্ধতি পরিবর্তন করা প্রয়োজন। |
| ২. | ১১ | ১০.০০ | কী কাজে ব্যবহার করা হবে? রেস্ট হাউজ নামকরণের কারণ কী? |
| ৩. | ১২, ২৭ | ১৫.০০ | কয়তলা ভবন নির্মাণ করা হবে? কোয়ার্টার বিদ্যমান থাকার পর আবার কেন প্রয়োজন? |
| ৪. | ৭৭ | ৩.০০ | সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ জাতীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অধিদপ্তর রয়েছে। ফলে প্রকল্পটি পরিবর্তন করা প্রয়োজন; |
| ৫. | ১১০ | ২৫.০০ | উক্ত প্রতিষ্ঠান জেলা পরিষদের নিজস্ব কি না? এটি লাভজনক কি না? হলে জেলা পরিষদ লভ্যাংশ পায় কি না? |
| ৬. | ১৩০ | ৩.০০ | কী জাতীয় সামাজিক কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে এ সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্যাদি প্রয়োজন। এডিপি পরিপত্র অনুযায়ী এ প্রতিষ্ঠানের অনুকূলে প্রকল্প গ্রহণের সুযোগ রয়েছে কি না? |
| ৭. | ২২১ | ৩.০০ | ফাউন্ডেশনটি কী কী কার্যক্রম গ্রহণ করে থাকে। প্রতিষ্ঠানটি জনকল্যাণমূলক কোন কাজ করে কি না? এডিপি পরিপত্র অনুযায়ী এ প্রতিষ্ঠানের অনুকূলে প্রকল্প গ্রহণের সুযোগ রয়েছে কি না? |
| **মোট=** | **০৮টি** | **৬২.০০ লক্ষ (বাষট্টি লক্ষ)।** | |

২। এমতাবস্থায়, উল্লিখিত ০৮টি প্রকল্প ব্যতীত অবশিষ্ট (৫০৪-০৮)=৪৯৬টি প্রকল্প (২২৬১-৬২) লক্ষ =২১৯৯.০০ লক্ষ (একুশ কোটি নিরানব্বই লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নবর্ণিত শর্ত যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

শর্তাবলি :

ক. পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
খ. স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;
গ. সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;
ঘ. গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;
ঙ. গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না;
চ. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

বিতরণ :

১. প্রশাসক, জেলা পরিষদ, কুমিল্লা;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুমিল্লা।

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.১৪৯.২৩.৯২৭ তারিখ : ০৪ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১৮ মে ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য]।

১৮/০৫/২০২৬

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব